দৈনিক সংবাদ

তারিখ 17 MAR 1995
পৃষ্ঠা ১ কলাম ১

25

# মেডিক্যালে ভর্তি ঃ আজ লিখিত পরীক্ষা

( মেডিক্যাল রিপোর্টার )

সারাদেশে ১৩টি মেডিক্যাল কলেজে ভর্তির জন্য লিখিত পরীক্ষা আজ শুক্রবার

মেডিক্যাল ঃ পৃঃ ৮ কঃ ৪

## মেডিক্যাল ঃ আজ ভর্তি পরীক্ষা

( ১ম পৃষ্ঠার পর )

অনুষ্ঠিত হচ্ছে। এতে ১৪৫০টি আসনের জন্য ২০ হাজারের বেশি প্রার্থী অংশ নিচ্ছে।

সকাল ৯টায় পরীক্ষা শুরু হবে। ঢাকা মেডিক্যাল কলেজে যেসব ছাত্রছাত্রী ফরম জমা দিয়েছে তাদের মধ্যে শুধু মেয়েদের জন্য বুয়েটে ও ছেলেদের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন ও সায়েন্স এনেক্স বিল্ডিংয়ে আসন বিতরণ করা হয়েছে। স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে যারা ফরম জমা দিয়েছে তাদের জন্য ইডেন কলেজে আসন বিতরণ করা হয়েছে।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ২৫০০ ছাত্রছাত্রীকে মৌখিক পরীক্ষার জন্য বাছাই করা হবে। চূড়ান্ত ফলাফলের পর অপেক্ষমাণ তালিকায় ২০০ ছাত্রছাত্রীকে রাখা হবে। উপজাতীয় শিক্ষার্থীদের জন্য ১৬টি আসন সংরক্ষিত আছে।